**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 15-07-2026**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) আগামীকাল রথযাত্রা উৎসব। আগরতলাসহ রাজ্যের বিভিন্ন স্থানে রথযাত্রার প্রস্তুতি নেওয়া হয়েছে।**

**(২) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন মুখ্যমন্ত্রী সমীপেষু, নাগরিক এবং প্রশাসনের মধ্যে একটি গুরুত্বপূর্ণ সেতুবন্ধন হিসেবে কাজ করছে।**

**(৩) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ১৭ই জুলাই হরিয়ানার জিন্দ থেকে দেশের প্রথম হাইড্রোজেন ট্রেনের উদ্বোধন করবেন।**

**(৪) ইউরোপ ও লাতিন আমেরিকার ফুটবলের দুই মহাশক্তিধর দেশ ইংল্যান্ড ও আর্জেন্টিনা আজ সেমিফাইনালে মুখোমুখি।**

*******************************************

**Ratha Yatra :**

আগামীকাল রথযাত্রা উৎসব। আগরতলাসহ রাজ্যের বিভিন্ন স্থানে রথযাত্রার প্রস্তুতি নেওয়া হয়েছে। আগরতলার জগন্নাথ জিউ মন্দির, ইসকন মন্দির, হরেকৃষ্ণ মন্দির থেকে সুসজ্জিত রথের আয়োজন করা হয়েছে।

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা আজ বিকেলে মেলাঘরে ঐতিহ্যবাহী রথযাত্রা উৎসব ও মেলার উদ্বোধন করেন। উল্টোরথ পর্যন্ত আগামী ৯ দিন এই মেলা চলবে। মেলা চলাকালীন প্রতিদিন সন্ধ্যায় রাজ্য ও বহিঃরাজ্যের শিল্পীরা মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশন করবেন। অনুষ্ঠানের উদ্বোধন করে মুখ্যমন্ত্রী বলেন একতা ও ভ্রাতৃত্ববোধের প্রতীক মেলাঘরের রথের মেলা। ধর্মীয় বিশ্বাস অনুযায়ী ভক্ত ও ভগবানের মিলন

উৎসব হয় এই রথের সময়। উচ্চশিক্ষামন্ত্রী কিশোর বর্মণ বলেন, মেলাঘরের রথযাত্রা শুধু একটি ধর্মীয় উৎসব নয়, তা সংস্কৃতি, ঐতিহ্য ও ঐক্যের প্রতীক। উপস্থিত ছিলেন সিপাহীজলা জিলা পরিষদের সভাধীনেত্রী সুপ্রিয়া দাস দত্ত, বিধায়ক বিন্দু দেবনাথ, মেলাঘর পুর পরিষদের চেয়ারপার্সন অনামিকা ঘোষপাল রায়, জেলাশাসক ডক্টর সিদ্ধার্থ শিব জয়সওয়াল প্রমুখ।

এদিকে, দক্ষিণ জেলার জেলাশাসক মহম্মদ সাজ্জাদ পি জেলায় রথযাত্রা শান্তিপূর্ণভাবে সম্পন্ন করতে সবার সহযোগিতা কামনা করেছেন।

***************************

**Governor Greetings :**

রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু রথযাত্রা উপলক্ষ্যে রাজ্যবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন। এক শুভেচ্ছাবার্তায় তিনি বলেন, এই উৎসব ভক্তি, করুণা এবং ঈশ্বর ও মানবতার মধ্যেকার চিরন্তন বন্ধনের প্রতীক। প্রার্থনা ও ভক্তির মাঝে যখন পবিত্র রথগুলি রাজপথ দিয়ে এগিয়ে যায় তখন এই পুণ্য উৎসব ঐক্যের বন্ধন দৃঢ় করে, পারস্পরিক শ্রদ্ধাবোধ জাগিয়ে তোলে এবং সমাজে শান্তি, অগ্রগতি ও সমৃদ্ধির জন্য একসঙ্গে কাজ করতে অনুপ্রাণিত করে।

***************************

**Mukhyamantri Samipeshu :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন মুখ্যমন্ত্রী সমীপেষু, নাগরিক এবং প্রশাসনের মধ্যে একটি গুরুত্বপূর্ণ সেতুবন্ধন হিসেবে কাজ করছে। এরফলে রাজ্যের শত শত জনগণ চিকিৎসা, সমাজকল্যাণমূলক বিষয় এবং বিভিন্ন ব্যক্তিগত সমস্যার সুরাহায় সময়োপযোগী সহায়তা পাচ্ছে। আজ আগরতলায় মুখ্যমন্ত্রী সমীপেষুর ৭০তম পর্বে অংশ নিয়ে তিনি একথা বলেন। মুখ্যমন্ত্রী বলেন উদ্যোগটি সাধারণ নাগরিকদের চাহিদার প্রতি সংবেদনশীল। মুখ্যমন্ত্রী সমীপেষু অনুষ্ঠানে তিনি আজ ভার্চুয়ালি কাঞ্চনপুরের জনগণের সঙ্গে কথা বলে তাদের সমস্যা সম্পর্কে অবহিত হন। মুখ্যমন্ত্রী

আজ যোদ্ধা নামে একটি নতুন ওয়েবসাইটের উদ্বোধন করেন। এর উদ্দেশ্য হল এই ওয়েবসাইটের মাধ্যমে নাগরিকগণ একজন সচেতন যোদ্ধার ভূমিকা পালন করতে পারবেন। তাঁরা নিজেদের পরিচয় গোপন রেখে বাল্যবিবাহ, মাদকাশক্তি, গার্হস্থ্য হিংসা, শিশুশ্রমসহ বিভিন্ন সামাজিক সমস্যার অভিযোগ জানাতে পারবেন।

****************************

**ABVP :**

অখিল ভারতীয় বিদ্যার্থী পরিষদের উদ্যোগে আজ 'রাষ্ট্রীয় বিদ্যার্থী দিবস' এবং এবিভিপির ৭৮তম প্রতিষ্ঠা দিবস পালন করা হয়। এ উপলক্ষে আগরতলায় পর্যটন মন্ত্রী সুশান্ত চৌধুরী মহারাণী তুলসীবতী কৃতি বিদ্যার্থী সংবর্ধনা অনুষ্ঠানের উদ্বোধন করেন। তিনি ছাত্রছাত্রীদের সততা ও নিষ্ঠার সঙ্গে সমাজ ও জাতির সেবায় নিজেদের উৎসর্গ করতে আহ্বান জানান।

****************************************

**CITU :**

সিটুর সদর মহকুমা কমিটির উদ্যোগে আজ আগরতলা শহরে মিছিল ও সমাবেশের আয়োজন করা হয়। সিটু রাজ্য কমিটির সাধারণ সম্পাদক শংকর প্রসাদ দত্ত জানিয়েছেন, শ্রম কোড বাতিল করা, বিদ্যুতের বিল কমানো, স্মার্ট মিটার প্রত্যাহার সহ বিভিন্ন দাবিতে আজ এই কর্মসূচির আয়োজন করা হয়।

*****************************

**Congress :**

সংসদের অধিবেশনে মহিলা সংরক্ষণ বিল পাসের দাবিতে আগামী ২১ জুলাই দিল্লির যন্তর মন্তরে ধর্ণা কর্মসূচির ডাক দিয়েছে সর্বভারতীয় মহিলা কংগ্রেস। ত্রিপুরা প্রদেশ মহিলা কংগ্রেসের ১৫ সদস্যার এক প্রতিনিধি দল এই কর্মসূচিতে যোগ দেবেন। প্রদেশ মহিলা কংগ্রেসের সভানেত্রী সর্বাণী ঘোষ চক্রবর্তী আজ আগরতলায় সাংবাদিক সম্মেলনে এ খবর জানান।

*************************

**Census 2027 :**

"আমাদের জনগননা, আমাদের উন্নয়ণ" এই ভাবনায় গোটা দেশের সঙ্গে ঊনকোটি জেলাতেও জনগননা-২০২৭ সম্পন্ন করতে প্রশাসনিক প্রস্তুতি চলছে। জেলাশাসক মেঘা জৈন আজ সাংবাদিক সম্মেলনে জানিয়েছেন, আগামী ১৭ই জুলাই থেকে ৩১শে জুলাই পর্যন্ত চলবে স্ব-গণনার কাজ। বাড়ির তালিকাকরণ এর কাজ চলবে পয়লা আগষ্ট থেকে ৩০শে আগষ্ট পর্যন্ত। এবারের জনগণনা হবে সম্পূর্ণ ডিজিটালভাবে। ইতিমধ্যেই গণনাকারীদের প্রয়োজনীয় প্রশিক্ষণ শেষ হয়েছে। ঊনকোটি জেলায় ছয় শতাধিক গননাকর্মী নিয়োজিত রয়েছেন। জেলাশাসক জনগণনার কাজে সবার সহযোগিতা কামনা করেন।

***************************

**AGMC :**

আগরতলা সরকারী মেডিকেল কলেজ ও জিবিপি হাসপাতালে আজ সফলভাবে রাজ্যের নবম কিডনি প্রতিস্থাপন করা হয়েছে। গতকালও এই হাসপাতালে অষ্টম কিডনি প্রতিস্থাপন করা হয়। AGMC ও মনিপুরের শিজা হাসপাতালের নেফ্রোলজিস্টদের তত্বাবধানে কিডনি প্রতিস্থাপন করা হয়।

*************************

**Governor :**

রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু আজ লেম্বুছড়া মালাবতী পাড়ায় সুবরাই বিদ্যামন্দিরের প্রশাসনিক ভবনের উদ্বোধন করেন। তিনি বলেন, এই বিদ্যালয়ে বিজ্ঞান, সাহিত্য প্রভৃতি বিষয়ে পড়ার পাশাপাশি মার্শাল আর্ট, যোগা, গান-বাজনা প্রভৃতিরও প্রশিক্ষণ দেওয়া হচ্ছে, যা খুবই প্রশংসাজনক। এই প্রতিষ্ঠানকে একটি শক্তিশালী নৈতিক ভিত্তি প্রদান করার জন্য মহারাজ চিত্ত দেববর্মার ভূয়সী প্রশংসা করেন রাজ্যপাল।

***********************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ–আই–আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে–এ এ–আই–আর–নিউজ–এলার্টস–এ। ইউ–টিউব–এ লক্ষ্য করুন নিউজ–অন–এআইআর–অফিসিয়াল–এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ–আই–আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

**************************

**First Hydrogen Train :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ১৭ই জুলাই হরিয়ানার জিন্দ থেকে দেশের প্রথম হাইড্রোজেন ট্রেনের উদ্বোধন করবেন। এই দূষণমুক্ত, পরিবেশবান্ধব ট্রেনটি জিন্দ এবং সোনিপতের মধ্যে চলাচল করবে।

***************************

**CETA :**

ভারত ও ব্রিটেনের মধ্যে সমন্বিত অর্থনৈতিক ও বাণিজ্য চুক্তি “CETA” আজ থেকে কার্যকর হয়েছে। এর সঙ্গে সামাজিক সুরক্ষা চুক্তিও চালু হয়েছে, যা ব্রিটেনে ভারতীয় পেশাজীবীদের সুবিধা বাড়াবে। এই ঐতিহাসিক চুক্তি দুই দেশের মধ্যে কৌশলগত অংশীদারিত্ব আরও গভীর করার প্রতিফলন। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, অর্থনৈতিক ও বাণিজ্য চুক্তি (CETA) এবং সামাজিক সুরক্ষা চুক্তি ভারত–যুক্তরাজ্যের অংশীদারিত্বের ক্ষেত্রে একটি তাৎপর্যপূর্ণ মুহূর্ত। কেন্দ্রীয় বাণিজ্য ও শিল্পমন্ত্রী পীযূষ গোয়েলের একটি

পোস্ট সামাজিক মাধ্যমে শেয়ার করে শ্রী মোদী CETA ভারতের কৃষক, উদ্যোক্তা এবং ক্ষুদ্র ও মাঝারি শিল্পোদ্যোগগুলিকে নতুন গতি দেবে। এটি প্রযুক্তি, পেশাগত পরিষেবা এবং উদ্ভাবনের ক্ষেত্রে সহযোগিতা আরও গভীর করবে।

**************************

**Skill India :**

স্কিল ইন্ডিয়া মিশনের আজ ১১ বছর পূর্ণ হয়েছে। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ২০১৫ সালে এই মিশনের সূচনা করেন, যার লক্ষ্য্য কর্মসংস্থান, উদ্যোক্তা এবং সুস্থায়ী জীবিকার জন্য যুবক-যুবতীদের শিল্প-সম্পর্কিত বিষয়ে দক্ষ করে তোলা। দক্ষতা উন্নয়ন ও উদ্যোগ মন্ত্রকের তথ্য অনুযায়ী, ২০১৫ সাল থেকে এখনো পর্যন্ত বিভিন্ন প্রকল্পের মাধ্যমে ছয় কোটিরও বেশি যুবক-যুবতীকে দক্ষ করে তোলা হয়েছে। বর্তমানে প্রতি বছর এক কোটিরও বেশি যুবক-যুবতী প্রশিক্ষণ পাচ্ছে।

*************************

**Maan-Ki-Baat :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ২৬শে জুলাই, রবিবার সকাল ১১টায় আকাশবাণীর ‘মন-কি-বাত’ অনুষ্ঠানে দেশ-বিদেশের জনগনের সঙ্গে মতবিনিময় করবেন। এটি হবে ‘মন-কি-বাত’-এর ১৩৬তম পর্ব। প্রধানমন্ত্রী জনগনকে তাদের সুচিন্তিত চিন্তাভাবনা ‘মন-কি-বাত’-এ জানানোর আহ্বান জানিয়েছেন। my gov open forum-এ এবং নম: APP-এ জনগণ তাদের মতামত পাঠাতে পারবেন। এছাড়াও TOLL FREE NO. 1800-11-7800 নম্বরে কল করে হিন্দি বা ইংরেজিতে মতামত রেকর্ড করানো যাবে। এছাড়াও, 1922 নম্বরে মিস-কল দিলে যে লিঙ্ক পাওয়া যাবে, তাতেও SMS করা যাবে। ফোনলাইন এ মাসের ২৪ তারিখ পর্যন্ত খোলা থাকবে।

**************************

**FIFA World Cup :**

ফুটবল বিশ্বকাপের দ্বিতীয় সেমিফাইনাল ম্যাচে আজ আর্জেন্টিনা খেলতে নামছে ইংল্যান্ডের বিরুদ্ধে। ভারতীয় সময় রাত সাড়ে বারোটায় আমেরিকার আটলান্টা স্টেডিয়ামে এই ম্যাচ রয়েছে। জয়ী দল ফাইনালে খেলবে স্পেনের বিরুদ্ধে। পরাজিত দল তৃতীয় স্থান নির্ধারণকারী ম্যাচে ফ্রান্সের মুখোমুখি হবে।

*************************

**Football :**

ত্রিপুরা ফুটবল এসোসিয়েশন পরিচালিত ঘরোয়া দ্বিতীয় ডিভিশন লিগ ফুটবল প্রতিযোগিতায় মৌচাক ক্লাব ও ত্রিপুরা স্পোর্টস স্কুলের আজকের খেলাটি ড্র হয়েছে। উমাকান্ত মিনি স্টেডিয়ামে অনুষ্ঠিত খেলাটি ২–২ গোলে শেষ হয়। ফলে উভয় দল পয়েন্ট ভাগ করে।

***********************

**Weather :**

আগামী ২৪ ঘন্টায় রাজ্যের সবকটি জেলায় ভারী বৃষ্টিপাতের সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৩ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৬ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৩ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৭.২ ডিগ্রি সেলসিয়াস। বিকেল সাড়ে পাঁচটা পর্যন্ত বৃষ্টি হয়েছে ২৫.২ মিলিমিটার।

************************